কোয়ার্টার ফাইনালে ওঠার লড়াই স্পেনের

মস্কো, ৩০ জুন : রাশিয়া বিশ্বকাপের গ্রুপ লিগের প্রথম ম্যাচে পর্তুগালের বিরুদ্ধে ড্র করলেও দ্বিতীয় ম্যাচে ইরানকে ১-০ গোলে হারিয়ে ও তৃতীয় ম্যাচে মরক্কোর বিরুদ্ধে ২-২ গোলে ড্র করে তিন ম্যাচে ৫ পয়েন্ট সংগ্রহ করে শেষ ষোলোয় উঠেছে স্পেন।

অন্যদিকে রাশিয়া গ্রুপ লিগের প্রথম দুই ম্যাচে যথাক্রমে সৌদি আরবকে ৫-০ গোলে এবং মিশরকে ৩-১ গোলে হারানোর পর শেষ ম্যাচে উরুগুয়ের বিরুদ্ধে ০-৩ গোলে হেরেছে। এই হাইভোল্টেজ ম্যাচে দুই দলই জয় পেয়ে কোয়ার্টার ফাইনালে উঠতে চাইবে। তবে দুই দলের শক্তি দেখতে গেলে এগিয়ে থাকবে স্পেনই। এছাড়া অতীত পরিসংখ্যানও রয়েছে স্পেনের দিকেই। এখনও পর্যন্ত মোট ৬ বার স্পেন ও রাশিয়া পরস্পর মুখোমুখি হয়েছে। যার মধ্যে ৪ বার জয় পেয়েছে স্পেন ও ২টি ম্যাচ ড্র হয়। গতবছর আন্তর্জাতিক প্রীতি ম্যাচে দুই দলের সাক্ষাতকারে ম্যাচটি ৩-৩ গোলে ড্র হয়। তবে এবারের বিশ্বকাপে রাশিয়াকে হারিয়েই শেষ আটের টিকিট কাটাই লক্ষ্য স্প্যানিশদের। ২০১০ ফুটবল বিশ্বকাপের চ্যাম্পিয়ন স্পেন গত বিশ্বকাপে প্রথম রাউন্ডেই বিদায় নিয়েছিল। তাই সেই ব্যর্থতা ভুলে সামনের দিকে এগোনোই লক্ষ্য স্পেনের। এবারের বিশ্বকাপে স্পেনের হয়ে দুরন্ত পারফরম্যান্স করছেন দিয়াগোগো কোস্তা।

প্রথম ম্যাচে পর্তুগালের বিরুদ্ধে জোড়া গোল করার পর দ্বিতীয় ম্যাচে ইরানের বিরুদ্ধেও জয়সূচক গোলটি করেন তিনি। আর তাঁকে গোল করার জন্য সঠিক বল বাড়িয়েছেন দিয়াগোগো সিলভা ও আন্দ্রেস ইনিয়েস্তা। তাই দিয়াগোগো কোস্তা যে রাশিয়ার বিরুদ্ধে ভয়ের কারণ হয়ে উঠতে পারে তা বলাই যায়। এছাড়া ইস্কো, ন্যাচো এঁরাও বেশ ভাল ফর্মে রয়েছেন। অন্যদিকে ঘরের মাঠে স্পেনকে হারিয়ে অঘটন ঘটাতে প্রস্তুত রাশিয়া। আর এই অঘটন ঘটানোর জন্য রাশিয়ার প্রধান ভরসা চলেছে আর্টম ডেজুবা, ডেনিস চেরিসেভ, আলেকজান্ডার গলোভিন প্রমুখ। এদের মধ্যে সবথেকে ভাল ফর্মে রয়েছেন ডেনিস চেরিসেভ ও আর্টম ডেজুবা। সৌদি আরবের বিরুদ্ধে জোড়া গোল করার পর মিশরের বিরুদ্ধেও গোল করেছিলেন চেরিসেভ। আর ডেজুবা সৌদি আরব ও মিশরের বিরুদ্ধে ১টি করে গোল করেন। এখন দেখার ফেবারিট হিসাবে স্পেনই কোয়ার্টার ফাইনালে ওঠে, না কি অঘটন ঘটিয়ে শেষ আটের টিকিট সংগ্রহ করতে পারে রাশিয়া।

হাড্ডাহাড্ডি লড়াইয়ে মুখোমুখি ক্রোয়েশিয়া-ডেনমার্ক

রাশিয়া, ৩০ জুন : আজ রাশিয়া বিশ্বকাপের অন্যতম গুরুত্বপূর্ণ ম্যাচে খেলতে নামছে ক্রোয়েশিয়া ও ডেনমার্ক। গ্রুপ 'ডি'-র দল ক্রোয়েশিয়া ৩ ম্যাচের তিনটিতেই জয় পেয়ে শেষ ষোলোয় খেলার যোগ্যতা অর্জন করেছে। আর গ্রুপ 'সির'-র দল ডেনমার্ক ৩ ম্যাচে ৫ পয়েন্ট সংগ্রহ করে প্রি-কোয়ার্টার ফাইনালে খেলার টিকিট পেয়েছে। এখনও পর্যন্ত ক্রোয়েশিয়া ও ডেনমার্ক মোট পাঁচটি ম্যাচে পরস্পর মুখোমুখি হয়েছে। যার মধ্যে ক্রোয়েশিয়া ও ডেনমার্ক দু'টি করে ম্যাচ জিতেছে ও একটি ম্যাচ ড্র হয়। গতবছর আন্তর্জাতিক প্রীতি ম্যাচে ক্রোয়েশিয়া ২-১ গোলে হারায় ডেনমার্ককে। বিশ্বকাপে দুই দলের সাক্ষাতকারে একটি ম্যাচ ড্র হয় ও একটি ম্যাচে জয় পায় ডেনমার্ক। তবে এবারের ক্রোয়েশিয়া দল আগের ক্রোয়েশিয়া দলের থেকে সম্পূর্ণ আলাদা। কারণ এরা গ্রুপ লিগের ম্যাচে আর্জেন্টিনার মতো দলকে ৩-০ গোলে হারিয়েছে তারা। ক্রোয়েশিয়ার মধ্যে সবথেকে ভাল ফর্মে রয়েছে অধিনায়ক লুকা মডরিচ, ইভান রাকিটিচ, ইভান পেরিসিক প্রমুখ। অধিনায়ক মডরিচ নাইজেরিয়া ও আর্জেন্টিনার বিরুদ্ধে ১টি করে গোল করেন। আর্জেন্টিনার বিরুদ্ধে ম্যাচের শেষদিকে গোল করেন ইভান রাকিটিচ ও আইসল্যান্ডের বিরুদ্ধে গোল পান ইভান পেরিসিক। তাই ডেনমার্কের বিরুদ্ধেও জয়ের জন্য এঁদের দিকেই তাকিয়ে রয়েছেন কোচ জল্যাটকো ডালিকের দল। এছাড়া রয়েছেন নিকোলা কালিনিক ও মারিও মানডুকিচের মতো তারকারাও। অন্যদিকে এই নিয়ে পাঁচবার বিশ্বকাপের মঞ্চে নামছে ডেনমার্ক। ১৯৯৮ সালের কোয়ার্টার ফাইনালে ওঠা ড্যানিশরা দ্বিতীয়বার কোয়ার্টার ফাইনালে ওঠার লড়াইয়ে মাঠে নামবে। ক্রোয়েশিয়াকে হারানোর জন্য ডেনমার্কের প্রধান ভরসা হতে চলেছেন ক্রিস্টিয়ান এরিকসেন, উইলিয়াম কেভিস্ট প্রমুখ। এখন দেখার ক্রোয়েশিয়া না ডেনমার্ক কোন দল শেষ আটে খেলার ছাড়পত্র সংগ্রহ করতে পারে।

চেলসিতে গোলোভিন

মস্কো, ৩০ জুন: ঘরের মাঠে বিশ্বকাপ হলেও, শেষ ষোলোয় পৌঁছাবে রাশিয়া তেমনটা কেউ আশাই করেনি। কারণ বিশ্বকাপে কোয়ালিফাই করেনি রাশিয়া। তাও নিজের দেশে বিশ্বকাপ হওয়ার দরুণ খেলার সুযোগ পেয়েছে রাশিয়া। প্রথম ম্যাচে সৌদি আরবকে ৫-০ গোলে উড়িয়ে তাদের ভুল প্রমাণ করেছিল পুতিনের দেশ। সেইদিনের ম্যাচে রাশিয়ার পাঁচ গোলের পিছনে গুরুত্বপূর্ণ ভূমিকা নিতে দেখা গিয়েছিল গোলোভিনকে। দেশের হয়ে এবারের বিশ্বকাপে মাঝমাঠে চেরিশিভদের নেতৃত্ব দিচ্ছেন এই ফুটবলার। আক্রমণের বল বাড়ানোর পাশাপাশি গোল করে দলকে এগিয়ে দিতেও কার্যকরী ভূমিকা নিতে দেখা গিয়েছে এই বছর বাইশের তরুণ ফুটবলারকে। অনেকেই তাকে রাশিয়ার ইনিয়েস্তা অ্যাখ্যা দিয়েছেন। এইবার এই ফুটবলারকেই দলে নেওয়ার ব্যাপারে অনেকদূর কথাবার্তা এগোলো চেলসি। বিশ্বকাপে তাঁর পারফরম্যান্স দেখার পর থেকেই তাকে দলে নেওয়ার ব্যাপারে আগ্রহী হয়ে ওঠে জুভেন্তাস ও চেলসি কর্তারা। কিন্তু টাকার অঙ্কে শেষমেষ অনেকটাই পিছিয়ে পড়ে ইতালির কিংবদন্তি দলটি। ক্লাব স্তরে সিএসকে মস্কোর হয়ে খেলা এই ফুটবলারকে জুভেন্তাস কুড়ি মিলিয়ন ইউরোর যেখানে চেলসির দেওয়া প্রস্তাব ৩০ মিলিয়ন ইউরো। অর্থাৎ রাশিয়ার ইনিয়েস্তার স্ট্যানফোর্ড ব্রিজে আগমন খালি সময়ের অপেক্ষা।

শহরে কামো

স্টাফ রিপোর্টার: গত বছর কলকাতা লিগে সাড়াজাগানো স্ট্রাইকার বায়ি কামো এবার খেলবেন টালিগঞ্জ অগ্রগামীতে। মোহন বাগান তাঁকে আই লিগের জন্য না রাখায় তিনি কেরলে চলে যান। সেখানে চোট পেয়ে জানুয়ারি মাসে দেশে ফিরে যান তিনি। তাঁর ফিটনেস ভিডিও দেখে টালিগঞ্জ সচিব কোচ মনোরঞ্জন ভট্টাচার্যর সঙ্গে কথা বলে কামোর সঙ্গে চুক্তি করেছেন।

কার্ড বদল

স্টাফ রিপোর্টার: মোহনবাগান কার্ডের স্পনসর বদল। এবার কার্ডের স্পনসর ইএম বাইপাসের মেট্রোপলিটন সন্নিহিত একটি হোটেল। গত দেড় দশক ধরে একটি সংস্থা মোহনবাগান কার্ডের স্পনসর থাকলেও এবার তাকে বদল করা হচ্ছে।

ভয়াবহ শাস্তির মুখে দক্ষিণ কোরিয়ার ফুটবলাররা

মস্কো, ৩০ জুন: বিশ্বকাপে জার্মানির মতো দলকে হারিয়ে চমকে দিয়েছিল তারা। কেবল হারানো নয় গ্রুপ পর্ব থেকে জার্মানির বিদায়ের ঘন্টা বাজিয়েছিল এশিয়ার এই দলটি। গ্রুপের শেষ ম্যাচে জার্মান জায়েন্টদের দুই গোলে পরাস্ত করে শেষ করে দিয়েছিল মুলার-ওজিলদের বিশ্বকাপের স্বপ্ন। এত কিছু করেও ছিটকে যেতে হয়েছিল দক্ষিণ কোরিয়াকে। তাই জার্মানিকে হারানোর স্মৃতি নিয়েই দেশের উদ্দেশ্যে পাড়ি দিয়েছিলেন কোরিয়ান ফুটবলাররা। বিশ্বকাপ থেকে বিদায়ের জন্য এবার তাদের শাস্তি হিসাবে সেনায় যোগ দিতে হতে পারে। এমনকি দু'বছর সেনায় কাজ করতে হতে পারে তাদের। দেশের নিয়ম অনুযায়ী, ১৮-৩৫ বছর বয়সী যুবকদের অন্তত দু'বছর দেশের জন্য কাজ করতে হবে। এটা দেশের সকল যুবকদের জন্যই বাধ্যতামূলক। তবে বিশ্বকাপ দলের খেলোয়াড়রা সে নিয়ম থেকে ছাড় পেয়েছিলেন। কিন্তু বিশ্বকাপে ব্যর্থ হওয়ার জন্য তারা হয়ত এই সুযোগ আর পাবে না। তাই বাধ্য হয়েই তাদেরও অন্তত দু'বছর সেনার কাজ করতে হতে পারে। যার জেরে কয়েকজন প্রতিভাবান ফুটবলারের কেরিয়ারের অঙ্কুরে বিনষ্ট হওয়ার প্রবল সম্ভাবনা দেখা গিয়েছে। আর দক্ষিণ কোরিয়া সরকারের এহেন সিদ্ধান্তে অখুশি দক্ষিণ কোরিয়ার ফুটবলপ্রেমীরা।

ধারাবাহিকতা বজায় রাখতে চান রাহুল

ডাবলিন, ৩০ জুন: আইপিএলে যেখানে শেষ করেছিলেন দেশের হয়ে সেখান থেকে শুরু করলেন কেএল রাহুল। আয়ারল্যান্ডের বিরুদ্ধে টি-২০ সিরিজে ম্যাচের সেরা হলেন তিনি। ভারতীয় ওপেনার হিসাবে লোকেশ রাহুল ভরসার নাম হয়ে উঠছেন দলে। ডাবলিনে ম্যাচের সেরার পুরস্কার হাতে নিয়ে রাহুল বলেন, সুযোগটা কাজে লাগাতে হবে। এটাই আসল। ডাবলিনের উইকেটটা

বেশ ভাল। এখানে ব্যাটিং করে মজা পেয়েছি। আইপিএলেও ছন্দে ছিলাম। এখানেও রান পেলাম। এই ধারাবাহিকতা বজায় রেখে যেতে হবে। রাহুল আরও বলেন, এখন উইকেটে গিয়ে টিকে থাকার জন্য একটু সময় নিই। তারপর স্বাভাবিক ব্যাটিংটা শুরু করি। টেকনিকেরও উন্নতি হয়েছে। যখনই দল থেকে বাদ যাই। আরও শক্তিশালী হয়ে ফিরে আসার চেষ্টা করি। আমাদের দলটা দারুণ শক্তিশালী। টিমে জায়গা ধরে রাখার জন্য নিয়মিত প্রতিযোগিতায় নামতে হয়। আয়ারল্যান্ড সিরিজ এখন অতীত। রাহুলের চোখ এখন ইংল্যান্ড সিরিজের দিকে। সেখানে ওয়ানডের পাশাপাশি টেস্টেও সফল হতে চান কর্ণাটকের ব্যাটসম্যান। রাহুল বলেছিলেন, ইংল্যান্ডে আগে খেলিনি। তাই এবার আমার কাছে এটা চ্যালেঞ্জ। আমাদের দলটা তরুণ। কিন্তু চ্যালেঞ্জ নিতে ভালবাসি।

জাপানের শেষ ষোলোর প্রস্তুতি

রাশিয়া, ৩০ জুন : পোল্যান্ডের বিরুদ্ধে ০-১ গোলে হারলেও ফেয়ার প্লে পয়েন্টে আফ্রিকার দেশ নাইজেরিয়াকে হারিয়ে তৃতীয়বারের মতো ফুটবল বিশ্বকাপের শেষ ষোলোয় খেলার যোগ্যতা অর্জন করেছে জাপান। আর জাপান শেষ ষোলোয় ওঠায় স্বভাবতই বেশ খুশি দেশের সমর্থকরা। সেই ছবি দেখা গেল রাশিতেও। আজ রাশিয়ার ভলগোগোদেও দেখা গেল দুই উচ্ছ্বসিত জাপানি সমর্থককের ছবি। অন্যদিকে সোমবার প্রি-কোয়ার্টার ফাইনালে খেলতে নামছে এশিয়া থেকে শেষ ষোলোয় ওঠা দল জাপান। তারা খেলবে ইউরোপের অন্যতম সেরা দল ও এবারের বিশ্বকাপে চ্যাম্পিয়ন হওয়ার অন্যতম প্রধান দাবিদার বেলজিয়ামের বিরুদ্ধে। তাই বেলজিয়াম ম্যাচের প্রস্তুতি শুরু করে দিল কেইসিকি হতা, শিঞ্জি কাগাওয়া, শিঞ্জি ওকাজাকি, ইয়াইয়া ওসাকোরা। এখনও পর্যন্ত কোনও বিশ্বকাপেই শেষ ষোলোয় খেলার ছাড়পত্র সংগ্রহ করতে জাপান। তবে এই বিশ্বকাপে সেই দুঃখ ঘোচাতে মরিয়া আকিরা নিশিনোর শিষ্যরা। তবে বেলজিয়ামের মতো তারকাসমৃদ্ধ দলকে হারিয়ে জাপান অঘটন ঘটিয়ে কোয়ার্টার ফাইনালে খেলার টিকিট সংগ্রহ করতে পারে কি না তা অবশ্য সময়ই বলবে।

কলম্বিয়া ম্যাচের আগে নিজেকে প্রস্তুত করছেন ইংল্যান্ডের ভরসাযোগ্য ফুটবলার হ্যারি কেন।

২০৩ রানে ওয়েস্ট ইন্ডিজ এ দলকে হারাল ইন্ডিয়া এ দল

নর্দাম্পটন, ৩০ জুন: আর কিছুদিনের মধ্যে শুরু হতে চলেছে ভারতের ইংল্যান্ড সফর। তার আগে ইংল্যান্ডে অনুষ্ঠিত হচ্ছে ওয়েস্ট ইন্ডিজ, ইংল্যান্ড ও ভারতের 'এ' দলের ট্রাই সিরিজ। এই ত্রিদেশীয় সিরিজে ২০৩ রানের বড় ব্যবধানে জিতল ভারত। টসে জিতে প্রথমে ব্যাট করে পৃথ্বী শ, হনুমা বিহারীদের অনবদ্য ব্যাটে ৫৫৪ রান করে ভারত এ দল। জবাবে ব্যাট করতে নেমে অক্ষর প্যাটেলের বোলিংয়ের সামনে মাত্র ৩৭.৫ ওভারে ১২১ রানে শেষ হয়ে যায় ক্যারিবিয়ান এ দলের ইনিংস। নিয়মরক্ষার ম্যাচে ৯.৪ ওভারে বল করে দুটি মেডেন সহ ৪টি উইকেট নিয়েছেন অক্ষর প্যাটেল। চন্দ্রপল হেমরাজ এবং সুনীল আমব্রিস ছাড়া আর কোনও ক্যারিবিয়ান ব্যাটসম্যানই ৩০ রানের গন্ডি অতিক্রম করতে পারেনি। ৩৫৪ রান তাড়া করতে নেমে হেনরাজই যা কিছুটা লড়াই করলেন। ৪৬ বলে ৪৩ রানের একটি প্রয়োজনীয় ইনিংস খেলেন ওয়েস্ট ইন্ডিজ ওপেনার। অপর ক্যারিবিয়ান ওপেনারকে প্রথম বলেই প্যাভিলিয়নের রাস্তা দেখান চাহার। মাত্র এক রান করে ইশান কিষাণের হাতে রান আউট হন ক্যারিবিয়ান এ দলের উইকেট কিপার ক্যাপ্টেন ডেভন থমাস। দীপক চাহার ৫ ওভার বল করে ২টি উইকেট নিয়েছেন। বিজয় শঙ্কর,

কৃষ্ণাপ্পা গৌতম এবং দীপক ছড়া একটি করে উইকেট নিয়েছেন। প্রথম ব্যাট করতে নেমে মাত্র ২৮ রানের মধ্যেই দুই উইকেট হারিয়ে কোণঠাসা হয়ে পড়ে টিম ইন্ডিয়া। ইংল্যান্ড সফরে ত্রিদেশীয় একদিনের সিরিজের শেষ লিগ ম্যাচ পৃথ্বী ও হনুমার ব্যাটে ঘুরে দাঁড়ায় ভারত। ফাইনালে জায়গা করে নেওয়া ভারতীয় এ দল এবং ওয়েস্ট ইন্ডিজ এ দলের বিরুদ্ধে নিয়মরক্ষার ম্যাচে ৬ উইকেটে ৩৫৪ রানের বড়সড় ইনিংস গড়ে তোলে। ব্যাটিং অর্ডার নিয়ে পরীক্ষা-নিরীক্ষা চালানো রাহুল দ্রাবিড় গত ম্যাচের শতরানকারী মায়াঙ্ক আগরওয়ালকে সরিয়ে ঋষভ পন্থকে ওপেন করতে পাঠান। মাত্র ৫ রান করে সাজঘরে ফেরেন পন্থ। অধিনায়ক শ্রেয়স তিন নম্বরে ব্যাট করতে নেমে খাতা খুলতে ব্যর্থ হন। হনুমা বিহারিকে সঙ্গে নিয়ে অপর ওপেনার পৃথ্বী শ। প্রাথমিকভাবে ভাল ফর্মে আছেন তিনি। আইপিএলেও দিল্লির হয়ে ওপেন করতে নেমে ভালই ব্যাট করেছিলেন তিনি। তৃতীয় উইকেটের জুটিতে ১৬০ রান যোগ করেন দু'জনে। পৃথ্বী ৯০ বলে ১০২ রান করে আউট হন। তিনি ১৬টি চার মারেন। ১৩১ বলে ১৪৭ রান করে হনুমা বিহারি। তিনি ১৩টি চার ও ৫টি ছক্কা হাঁকান। ২ জুলাই ইংল্যান্ড লায়ন্সের বিরুদ্ধে খেতাবি লড়াইয়ে নামবে ভারত।

ইংল্যান্ড সফরের আগে আয়ারল্যান্ডে তরুণদের পারফরম্যান্সে খুশি বিরাট

ডাবলিন, ৩০ জুন: ইংল্যান্ড সফরের আগে আয়ারল্যান্ডে দুটি টি-২০ ম্যাচেই ভারতীয় দল সহজ জয় পাওয়ায় খুশি বিরাট কোহলি। তিনি বলেছেন, আমরা ইংল্যান্ড সফরে যাওয়ার আগে চাইছিলাম সব ব্যাটসম্যানই রান করুক এবং সব বোলার অবদান রাখুক। দুটি ইনিংসেই ব্যাটসম্যানদের পারফরম্যান্সে আমি খুশি। সবাই এত ভাল ব্যাট করছে, দল বাছাইয়ের ক্ষেত্রে সমস্যা হতে পারে। এটা দলের পক্ষে ভাল। যাকেই সুযোগ দেওয়া হয়েছে, সে সেই সুযোগ দু'হাতে লুফে নিয়েছে। এটা যে কোনও দলের পক্ষেই ভাল। এই ধরনের ম্যাচগুলিতে আমাদের রিজার্ভ বেঞ্চের শক্তি পরীক্ষা করার সুযোগ পাওয়া গিয়েছে। ভারতীয় দল দুর্দান্ত একটি সময়ের মধ্যে দিয়ে যাচ্ছে। তরুণ খেলোয়াড়রা সুযোগ কাজে লাগাচ্ছে দেখে ভাল লাগছে। সিনিয়রদের পাশাপাশি তরুণদেরও ভাল পারফরম্যান্সে ইংল্যান্ড সফরের আগে আত্মবিশ্বাস বেড়ে গিয়েছে ভারতের অধিনায়কের।

ইংল্যান্ড সফর প্রসঙ্গে বিরাট বলেছেন, বিপক্ষে কোন দল, সেটা গুরুত্বপূর্ণ নয়। আমরা নিজেদের শক্তির উপর জোর দিচ্ছি। বিপক্ষ দল ভাল খেলার চেষ্টা করলে আমাদের ব্যাটসম্যানদেরও ভাল খেলার ক্ষমতা আছে। এছাড়া আমাদের দু'জন রিস্ট স্পিনার আছে। তাতে আমরা বাড়তি সুবিধা পাব বলেই বিশ্বাস করি। ইংল্যান্ড ভাল দল। তবে আমাদের শক্তির উপর ভরসা আছে। আমরা যদি নিজেদের দক্ষতা অনুযায়ী খেলতে পারি, তাহলে আকর্ষণীয় ও প্রতিদ্বন্দ্বিতামূলক সিরিজ হবে।

প্রকাশক এবং মুদ্রক দুর্গা রাও, স্বত্বাধিকারী : আশিষ লাহা, ৯৭/২, এম জি রোড, মিডল পয়েন্ট, পোর্ট ব্লেয়ার-৭৪৪ ১০১ থেকে প্রকাশিত এবং ইকো প্রিন্টিং প্রেস, ডলিগঞ্জ, পোর্ট ব্লেয়ার-৭৪৪ ১০৩ থেকে মুদ্রিত, সম্পাদক : আশিস্ লাহা* (পিআরবি আইন অনুযায়ী প্রকাশিত সমস্ত সংবাদের জন্য দায়বদ্ধ)।
Printed and published by T Durga Rao, owned by Asish Laha and published from 97/2, M. G. Road, Middle Point, Port Blair-744 101 & printed at Echo Printing Press, Dollygunj, Port Blair-744 103. Editor : Asish Laha*(*responsible for selection of news under the PRB Act).